# BENGALI

## PAPER—II

**Note :** This paper contains fifty (50) objective-type questions, each question carrying **two** (2) marks. Attempt all of them.

1. 'হাড়িত ভাত নাহি নিতি আবেশী' পংক্তিটির রচয়িতা:

   (A) শবর (B) শান্তি (C) লুই (D) ঢেণ্ঢন

2. 'সন্ধ্যা শব্দটি সন্ ধাতু থেকে নিষ্পন্ন' কথাটি প্রথম বলেছেন:

   (A) বিধুশেখর শাস্ত্রী (B) হরপ্রসাদ শাস্ত্রী

   (C) সুনীতিকুমার চট্টোপাধ্যায় (D) সুকুমার সেন

3. কোনটি ঠিক ? শ্রীকৃষ্ণকীর্ত্তন কাব্যে :

   (A) রাধার সখীদের নাম আছে, কৃষ্ণের সখাদের নাম নেই।

   (B) রাধার সখীদের এবং কৃষ্ণের সখাদের নাম নেই।

   (C) রাধার সখীদের এবং কৃষ্ণের সখাদের নাম আছে।

   (D) রাধার সখীদের নাম নেই, কৃষ্ণের সখাদের নাম আছে।

4. শ্রীকৃষ্ণকীর্ত্তনে বড়ু চণ্ডীদাস ভণিতা আছে :

   (A) 34 বার (B) 43 বার (C) 53 বার (D) 35 বার

5. বৃন্দাবনদাসের চৈতন্য ভাগবতের তিনটি খণ্ডের অধ্যায় সংখ্যা যথাক্রমে :

   (A) পনেরো, ছাব্বিশ, দশ (B) ছাব্বিশ, পনেরো, দশ

   (C) সাতাশ, পঁচিশ, এগারো (D) ষোলো, পঁচিশ, এগারো

6. জ্যোতিষগণনার সাহায্যে যিনি সর্বপ্রথম কৃত্তিবাসের কাল নির্ণয়ের প্রয়াস করেছিলেন :

   (A) নগেন্দ্রনাথ বসু (B) দীনেশচন্দ্র সেন

   (C) বসন্তরঞ্জন রায় (D) যোগেশচন্দ্র রায়

7. মহাভারতের আদি অনুবাদক :

   (A) শ্রীকর নন্দী (B) কবীন্দ্র পরমেশ্বর (C) সঞ্জয় (D) কাশীরাম দাস

www.examrace.com

8. মহাভারতে সৌতি কার পুত্র ?

(A) শৌনক (B) লোমহর্ষণ (C) ভৃগু (D) বৈশম্পায়ন

9. 'আএল পাউষ নিবিড় অন্ধার' পদে পাউষ কথার অর্থ :

(A) পৌষ মাস (B) বর্ষাকাল (C) শীতকাল (D) প্রভাতকাল

10. 'বাম চক্ষু ঘন নাচে, না জানি কি হয় পাছে' উক্তিটি আছে ;

(A) কেতকাদাসের মনসামঙ্গলে (B) মুকুন্দের চণ্ডীমঙ্গলে

(C) বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তনে (D) কৃত্তিবাসের রামায়ণে

11. আলাওলের পদ্মাবতী কোন কাব্য অবলম্বনে রচিত ?

(A) জায়সীর পদ্মাবৎ (B) সাধনের পদ্মাবৎ

(C) কুতুবনের মৃগাবতী (D) কুতুবনের মৃগলুব্ধ

12. মেঘনাদবধ কাব্যে মেঘনাদের ধাত্রীর নাম

(A) প্রভাষা (B) সুলোচনা (C) নিকষা (D) সরমা

13. সারদামঙ্গল কাব্য প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

(A) পূর্ণিমা (B) অবোধবন্ধু (C) আর্যদর্শন (D) বঙ্গদর্শন

14. ভ্রমরের পিত্রালয় যে গ্রামে :

(A) রাজগ্রাম (B) হরিদ্রাগ্রাম (C) বেদগ্রাম (D) সপ্তগ্রাম

15. কৃষ্ণকুমারী নাটকে গানের সংখ্যা

(A) চার (B) পাঁচ (C) ছয় (D) সাত

16. ভারতী পত্রিকার প্রথম সম্পাদক

(A) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর (B) স্বর্ণকুমারী দেবী

(C) জ্ঞানদানন্দিনী দেবী (D) রবীন্দ্রনাথ ঠাকুর

17. হালদার গোষ্ঠী গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

(A) ভারতীতে (B) সাধনায় (C) সবুজপত্রে (D) নবপর্যায় বঙ্গদর্শনে

www.examrace.com

18. বলাকা র 36 সংখ্যক কবিতাটির প্রথম পংক্তি

(A) সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা

(B) একথা জানিতে তুমি ভারত ঈশ্বর শাজাহান

(C) তোমার শঙ্খ ধূলায় পড়ে

(D) দূর হতে কী শুনিস্ মৃত্যুর গর্জন

19. সরলা চরিত্রটি যে উপন্যাসে আছে :

(A) চোখের বালি (B) গোরা (C) নৌকাডুবি (D) মালঞ্চ

20. কালান্তর প্রবন্ধটি প্রথম প্রকাশিত হয়েছিল, যে পত্রিকায় :

(A) প্রবাসী (B) সবুজপত্র (C) পরিচয় (D) বিচিত্রা

21. রবীন্দ্রনাথের প্রথম পঞ্চাঙ্ক নাটক :

(A) রাজা ও রাণী (B) বিসর্জন (C) প্রায়শ্চিত্ত (D) শেষরক্ষা

22. নজরুল তাঁর সঞ্চিতা কাব্যগ্রন্থটি যাঁকে উৎসর্গ করেছিলেন

(A) সত্যেন্দ্রনাথ দত্ত (B) সজনীকান্ত দাস

(C) রবীন্দ্রনাথ ঠাকুর (D) মোহিতলাল মজুমদার

23. বুদ্ধদেব বসুর প্রথম কাব্যগ্রন্থ :

(A) মর্মবাণী (B) কঙ্কাবতী (C) বন্দীর বন্দনা (D) পৃথিবীর প্রতি

24. সুধীন্দ্রনাথ দত্তের চারটি কাব্যগ্রন্থের নাম

(A) অর্কেষ্ট্রা, ক্রন্দসী, সংবর্ত, দশমী (B) অর্কেষ্ট্রা, ক্রন্দসী, স্বগত, চোরাবালি

(C) অর্কেষ্ট্রা, ক্রন্দসী, সংবত, স্বগত (D) অর্কেষ্ট্রা, ক্রন্দসী, ত্রিযামা পালাবদল

25. তিলু-বিলু কোন্ উপন্যাসের চরিত্র ?

(A) পল্লীসমাজ (B) জাগরী (C) ইছামতী (D) ডানা

26. ধাত্রীদেবতা উপন্যাসের প্রকাশকাল :

(A) 1936 (B) 1939 (C) 1942 (D) 1945

www.examrace.com

27. যে গল্পকার কোনো উপন্যাস রচনা করেন নি :

(A) প্রভাতকুমার মুখোপাধ্যায় (B) বিভূতিভূষণ মুখোপাধ্যায়

(C) পরশুরাম (D) নারায়ণ গঙ্গোপাধ্যায়

28. প্রকাশকালের ক্রমানুসারে শচীন্দ্রনাথ সেনগুপ্তের তিনটি নাটক

(A) সিরাজদৌল্লা, ধাত্রীপান্না, গৈরিক পতাকা (B) গৈরিকপতাকা, সিরাজদৌল্লা, ধাত্রীপান্না

(C) ধাত্রীপান্না, সিরাজদৌল্লা, গৈরিকপতাকা (D) গৈরিকপতাকা, ধাত্রীপান্না, সীতা

29. 'কৃষক আন্দোলনের শহীদদের উদ্দেশে' যে নাটকটি উৎসর্গ করা হয়েছে

(A) গৈরিক পতাকা (B) কারাগার (C) দেবীগর্জন (D) নতুন ইহুদী

30. 'কাব্য ম্যাজিক হতে পারে, কিন্তু সমালোচনা লজিক হতে বাধ্য', বীরবল যে প্রবন্ধে কথাটি বলেছেন :

(A) সনেট কেন চতুর্দশপদী (B) মহাভারত ও গীতা

(C) মলাট সমালোচনা (D) চিত্রাঙ্গদা

31. নদীপথের ভ্রমণকাহিনী

(A) তিনবারের বড়দিনের ভ্রমণ বৃত্তান্ত (B) বর্ষাদিনের ভ্রমণ বৃত্তান্ত

(C) পূজাবকাশের ভ্রমণ বৃত্তান্ত (D) গ্রীষ্মাবকাশের ভ্রমণ বৃত্তান্ত

32. বাংলার ব্রত গ্রন্থের প্রকাশকাল :

(A) 1917 (B) 1919 (C) 1923 (D) 1924

33. ধ্বন্যালোক এর রচয়িতা

(A) অভিনব গুপ্ত (B) আনন্দ বর্ধন (C) বিশ্বনাথ চক্রবর্তী (D) শশিশেখর

34. রীতিরাত্মা কাব্যস্য মতবাদটির প্রবক্তা

(A) ভামহ (B) বামন (C) মম্মট (D) কুন্তক

35. 'বঙ্কিমচন্দ্র বাঙালির জীবনে প্রেমের আগুন আনিয়া নিজেও সে যন্ত্রণাই ভোগ করিয়াছিলেন'। উক্তিটি করেছেন

(A) রবীন্দ্রনাথ (B) মোহিতলাল মজুমদার

(C) বুদ্ধদেব বসু (D) নীরদচন্দ্র চৌধুরী

www.examrace.com

36. মৃগ এবং কালেভদ্রে শব্দদুটির মধ্যে

(A) প্রথমটি অর্থসংকোচের এবং দ্বিতীয়টি অর্থসংশ্লেষের উদাহরণ

(B) প্রথমটি অর্থসংশ্লেষের এবং দ্বিতীয়টি অর্থসংকোচের উদাহরণ

(C) প্রথমটি অর্থবিস্তারের এবং দ্বিতীয়টি অর্থসংকোচের উদাহরণ

(D) প্রথমটি অর্থসংকোচের এবং দ্বিতীয়টি অর্থবিস্তারের উদাহরণ

37. কোনটি ঠিক ?

(A) এ বিভক্তি বাংলায় শুধমাত্র করণকারকে ব্যবহৃত হয়।

(B) এ বিভক্তি বাংলায় করণ এবং অধিকরণ উভয় কারকেই ব্যবহৃত হয়

(C) এ বিভক্তি বাংলায় যে কোনো কারকে ব্যবহৃত হয়

(D) এ বিভক্তি বাংলায় শুধুমাত্র অধিকরণ কারকে ব্যবহৃত হয়

38. তুলকালাম শব্দটি যে ভাষা থেকে এসেছে :

(A) আরবী (B) ফারসী (C) তুর্কী (D) হিন্দী

39. বাংলায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা

(A) পাঁচ (B) ছয় (C) সাত (D) আট

40. বাংলা লিপির নাম

(A) দেবনাগরী (B) শারদা (C) লণ্ডা (D) কুটিল

41. 'এলা বুঝছি, দেশ কথাটা শুধুই মোহ' নতুন ইহুদী নাটকে একথা বলেছে :

(A) মীরা (B) পণ্ডিত (C) কেস্ট (D) মোহন

42. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রবীন্দ্র পুরস্কার প্রাপ্ত উপন্যাস :

(A) পথের পাঁচালী (B) অপরাজিত (C) আরণ্যক (D) ইছামতী

43. 'এ জন্মে কাকেও মেয়েমানুষ বলে অবহেলা কর না' এই উক্তিটি করেছে

(A) প্রমীলা (B) সীতা (C) মদনিকা (D) ভ্রমর

www.examrace.com

44. বিদ্যাপতির রাধিকা প্রবন্ধটি লিখেছেন

(A) বঙ্কিমচন্দ্র

(B) রবীন্দ্রনাথ

(C) মোহিতলাল মজুমদার

(D) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

45. মহাত্মা গান্ধীর ডাণ্ডি অভিযান কোন নাটকের প্রেরণা ?

(A) কারাগার

(B) গৌরিক পতাকা

(C) দেবীগর্জন

(D) নতুন ইহুদী

46. মানিক বন্দ্যোপাধ্যায় লেখা শুরু করেছিলেন যে পত্রিকায় :

(A) ভারতবর্ষ (B) প্রবাসী (C) সাধনা (D) বিচিত্রা

47. যে চর্যাকার নিজেকে বঙ্গালী ঘোষণা করেছেন :

(A) শবর (B) সরহ (C) ভুসুকু (D) ঢেন্টন

48. গোরা উপন্যাসটি যাঁর নামে উৎসর্গিত হয়েছে :

(A) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(B) বলেন্দ্রনাথ ঠাকুর

(C) রথীন্দ্রনাথ ঠাকুর

(D) প্রতিমা দেবী

49. 'সিঙ্গাড়ার সঙ্গে আধুনিক সাহিত্যের কুটুম্বিতা আছে' কথাটি কে বলেছেন ?

(A) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়

(B) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

(C) বুদ্ধদেব বসু

(D) নীরদচন্দ্র চৌধুরী

50. রাজসিংহ উপন্যাসের চতুর্থ সংস্করণের খণ্ড সংখ্যা :

(A) ছয় (B) সাত (C) আট (D) নয়

- o 0 o -

www.examrace.com